

## ছাত্র-ছাত্রীদের মিথ্যার বদলে সত্য অন্যায়ের বদলে ন্যায়কে সম্মত রাখতে হবে প্রেসিডেন্ট

বাসস : প্রেসিডেন্ট অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী গুরুত্বসহকারে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত এবং নৈতিক শিক্ষাসহ বিশ্ববিদ্যালয় অনুষ্ঠানের আওতা সম্প্রসারণের জন্য বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দিয়েছেন। তিনি বলেন, শিক্ষাদানের বিষয় কেবল বাজারমুখী জনশক্তি গড়ে তোলার মধ্যে সীমিত রাখলে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো আমাদের চূড়ান্ত লক্ষ্য অর্জনে কাজ করতে পারবে না। তিনি ৪-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

বাক্যে শায়ে না।

## প্রেসিডেন্ট ৮-এর পৃষ্ঠার পর

আরো বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে কেবল বাজার নয়; বরং সামাজিক চাহিদা পূরণের লক্ষ্যে তাদের অনুশদগুলোর আওতা সম্প্রসারণ করতে হবে।

প্রেসিডেন্ট চৌধুরী গতকাল সকালে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে (বিসিএফসিসি) ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি'র) সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তিনি বিশ্ববিদ্যালয় শিক্ষার চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবং উচ্চ শিক্ষার সামাজিক ও নৈতিক দিকগুলো তুলে ধরার জন্য শিক্ষাবিদদের প্রতি আহবান জানান।

তিনি আরো বলেন, 'যথাযথভাবে গড়ে ওঠায় এবং উজ্জ্বল ভবিষ্যৎ গঠনে তরুণ প্রজন্মের প্রতি আমাদের সবারই দায়-দায়িত্ব রয়েছে।'

প্রেসিডেন্ট মিথ্যার বদলে সত্য, অন্যায়ের বদলে ন্যায় ও অসত্যতার বদলে সত্যতাকে সম্মত এবং দুর্নীতি, অনৈতিকতা ও সহিংসতাকে ঘৃণা করার জন্য ছাত্র-ছাত্রীদের পরামর্শ দেন।